

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৬.০০১.১৮-২৬৬

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৬
১৬ মে ২০১৯

বিষয়ঃ বিজ্ঞ আইনজীবীদের নামের (মোবাইল নম্বরসহ) তালিকা প্রেরণ।

সূত্রঃ মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব এর সাথে টেলিফোনিক আলাপ তারিখঃ ১৬.০৫.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের বিভিন্ন কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারী কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টে (মহামান্য হাইকোর্ট বিভাগ ও মহামান্য আপীল বিভাগ) বিপুল সংখ্যক মামলা দায়ের করা আছে এবং প্রতিনিয়ত মামলা দায়ের হচ্ছে।

০২। মহামান্য সুপ্রীম কোর্টে (মহামান্য হাইকোর্ট বিভাগ ও মহামান্য আপীল বিভাগ) দায়েরকৃত মামলাগুলো সরকার পক্ষে যথাযথভাবে contest না হওয়ায় এবং রিট মামলার রায়ের বিরুদ্ধে যথাসময়ে (তামাদির মেয়াদের পূর্বে) সিভিল পিটিশন ফর লীড টু আপীল মামলা দায়ের না হওয়ায় তামাদির কারণে সিভিল পিটিশন ফর আপীল মামলা (প্রায় প্রতিটি আপীলের ক্ষেত্রেই এরূপ ঘটেছে) খারিজ হয়ে সরকারি স্বার্থ ক্ষুণ্ণ হচ্ছে এবং এতে সরকারের উপর বিপুল পরিমাণ আর্থিক দায় সৃষ্টি হচ্ছে।

০৩। মহামান্য সুপ্রীম কোর্টে (মহামান্য হাইকোর্ট বিভাগ ও মহামান্য আপীল বিভাগ) সরকারের পক্ষে/বিপক্ষে দায়েরকৃত রিট এবং রিট মামলার রায়ের বিরুদ্ধে যথাসময়ে (রিট মামলার রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ার পর) সিভিল পিটিশন ফর লীড টু আপীল দায়ের সংক্রান্ত পদক্ষেপ সুসংহত করার জন্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় নিয়োজিত আইনজীবীদের যথাযথ তদবির ও তদারকি নিশ্চিত করার নিমিত্ত বিজ্ঞ আইনজীবীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, মাননীয় উপমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী তাঁর দপ্তর/সংস্থায় নিয়োজিত বিজ্ঞ আইনজীবীদের নামের তালিকা (মোবাইল নম্বরসহ) আগামী ২২.০৫.২০১৯ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগে (ইমেইল যোগেও) প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)
abdulhaleque62@yahoo.com

বিতরণ:

কার্যার্থে:

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বখশী বাজার, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ৫। পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
- ৬। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), বোর্ড বাজার, গাজীপুর।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (প্রশা: ও উন্ন:/কারিগরি/মাদ্রাসা/) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।